

যায়যায়দিন

তারিখ ০২ ০ FEB 2007
পৃষ্ঠা ৯

স্বিগন
৪৫
৪৭

এবার ৫ জন একুশে পদকে ভূষিত

সরকার এ বছর নিজ নিজ ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য পাঁচজনকে একুশে পদক পুরস্কারে ভূষিত করেছে। তারা হলেন সাহিত্যে বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান ও মোহাম্মদ মাহফুজ উল্লাহ, সঙ্গীতে প্রয়াত আনোয়ার পারভেজ (মরণোত্তর), চারুকলায় প্রয়াত এম এ বেগ (আলোকচিত্র, মরণোত্তর) ও নাটকে ড. সেলিম আল দীন।

আজ মঙ্গলবার প্রধান উপদেষ্টা ড. ফরুক্‌উল আহমদ মনোনীতদের মধ্যে পদক প্রদান করবেন বলে আশা করা যাচ্ছে।

পুরস্কৃত প্রত্যেক ব্যক্তিকে তিন ডরি ওজনের স্বর্ণ পদক, একটি সম্মাননাপত্র ও নগদ ৪০ হাজার টাকার চেক দেয়া হবে।

১৯৭৬ থেকে ২০০৬ সাল পর্যন্ত ২৯১ জন ব্যক্তি ও দুটি প্রতিষ্ঠানকে এ পদক দেয়া হয়েছে। তথ্য বিবরণী।